# 소망의 여인들

## Prayer Calander

2024년 1월

প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাষায় অনুবাদিত হচ্ছে, এবং ১১০,০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।.



### ইউরোপে মহিলাদের জন্য প্রার্থনা 1

ইউরোপ মহাদেশ 45টি দেশ নিয়ে গঠিত এবং বিভিন্ন সংস্কৃতি এবং ভাষায় পূর্ণ । ইউরোপ মহাদেশের জনসংখ্যার প্রায় 72% খ্রিস্টান, 7% মুসলিম এবং 20% এর কোন ধর্ম নেই। উইমেন অফ হোপ দল সম্প্রচার, পরামর্শদান এবং নেতৃত্বের প্রশিক্ষণের মাধ্যমে পরবর্তী প্রজন্মের খ্রিষ্টীয় নেতাদের লালন-পালন করার চেষ্টা করে। ইউরোপীয়দের জন্য প্রার্থনা করুন যেন সত্যিকারের বিশ্বাসী হয়ে ওঠে যারা সত্যিকার অর্থে খ্রীষ্টকে তাদের প্রভু হিসেবে সেবা করে, শুধু "কাগজে খ্রিস্টান" নয়।

카카오톡 채널에서 '소망의 여인들' 채널을 추가하시면 매주 월요일에 한국어 기도카드를 받으실 수 있습니다.

1. হে ঈশ্বর, আলবেনিয়ার অত্যাচারিত মহিলারা যেন তাদের অত্যাচারীদের অভিযোগ করার সাহস পান। এই মহিলাদের আরোগ্যতা এবং যীশুর প্রতি প্রত্যাশা নিয়ে আসুন। (গীতসংহিতা ১৩০:৭)

2. প্রভু, বেলজিয়ামে TWRএর আশাময়ী নারীর অনুষ্ঠান Rise and Shine প্রযোজনা করতে অনুপ্রাণিত করুন। (মথি ১০:২০)

3. ঈশ্বর পিতা, প্রার্থনা করি ক্রোএশান ভাষায় করা আশাময়ী নারী অনুষ্ঠান যেন প্রাসঙ্গিক হয়, আর মহিলাদের হৃদয় গভীর ভাবে স্পর্শ করে। (গীতসংহিতা ১১৯:১০৫)

4. পিতা, বিনতি করি যে, ডেনমার্কে যে মহিলারা ক্রীতদাসের মতো জীবনযাপন করছেন, শোষিত হচ্ছেন, আর হিংস্রতার ভয়ে জীবনযাপন করছেন তাদের প্রতি দৃষ্টিপাত করুন, তাদের কাছে থাকুন আর তাঁদের উদ্ধার করুন। (আদিপুস্তক ১৬:১৩)

5. প্রভু, ইউরোপের উদ্বাস্তু মহিলাদের মনে জ্ঞান দিন যাতে তারা তাদের জীবনের পুরুষদের সঠিক ভাবে পরিচালিত করতে পারেন এবং তাদের পুরোনো দেশে তারা যে সুযোগ পাননি সেটা এখন পাওয়ার চেষ্টা করেন। (গীতসংহিতা ৩২:৮)

6. প্রার্থনা করি, গ্রীনল্যান্ডের যে সমস্ত মানুষ, আত্মহত্যার কারণে তাদের নিজের মানুষদের হারিয়েছেন তাঁদের জন্য। স্বর্গীয় পিতা, তারা যেন তাদের সান্ত্বনার জন্য আপনার কাছে আসেন এবং নিজেদের মৃত্যু কামনা না করে মনের শান্তি পান। (মথি ১১:২৮)

7. প্রভু, ফিনল্যান্ডের যে সমস্ত মহিলারা স্যোশাল মিডিয়ায় অন্যদের সঙ্গে নিজেদের তুলনা করে কষ্ট এবং অসহ্য চাপ অনুভব করেন, তাঁদের জন্য প্রার্থনা করি যেন তারা যীশু খ্রীষ্টে তাদের যথার্থ মূল্য বুঝতে পারেন। (হিতোপদেশ ৩:১৫)

8. যে সমস্ত সংগঠন সেই সমস্ত গরিব ছোট মেয়ে এবং তাদের পরিবার, বিশেষত বুলগেরিয়া ও রুমেনিয়ার মতো দেশে, যারা পাচার হওয়ার ঝুঁকিতে আছে, তাদের মধ্যে কাজ করছেন, প্রার্থনা করি, তারা যেন তাদের প্রয়োজনীয় সরঞ্জাম ও সংস্থান পেতে পারেন। (২ করিন্থীয় ৯:৮)

9. স্বর্গীয় পিতা, ফ্রান্সের যে সমস্ত মহিলারা যৌন নির্যাতনের শিকার হচ্ছেন, তাদের রক্ষা করার জন্য প্রার্থনা করি। (গীতসংহিতা ১১৬:৬)

10. হে ঈশ্বর, জার্মানির ERP এবং TWR আশাময়ী নারীর নতুন রাষ্ট্রীয় কোর্ডিনেটর স্টেফানি নীবকে সৃষ্টিশীল ধারণা দিয়ে অনুপ্রাণিত করুন, যেন আরো অনেক সুপারিশকারী এবং দাতারা সেবা কার্য্য সম্বন্ধে অবগত হতে পারেন। (গীতসংহিতা ৩৪:১)

11. হে প্রভু নেদারল্যান্ডের মহিলাদের পতিতাবৃত্তি থেকে মুক্ত করুন আর যে সমস্ত সংগঠন তাদের উৎসাহ এবং ঈশ্বরের বার্তা উভয়ই তাদের কাছে পৌঁছিয়ে দিচ্ছেন, তাদের সাহায্য করুন। (গালাতীয় ৫:১)

12. হে পিতা, মেসিডোনিয়ার যে সমস্ত বালিকা এবং মহিলাদের নিচু নজরে দেখা হয় তারা যেন তাদের হারিয়ে যাওয়া মর্যাদা এবং খ্রীষ্টে তাঁদের সত্যিকারের পরিচয় ফিরে পেতে পারেন, তার জন্য প্রার্থনা করি। (রোমীয় ৮:১৪-১৭)

13. হে প্রভু, নরওয়েয়র খ্রীষ্টবিশ্বাসী মায়েরা যেন তাদের সন্তানদের সঙ্গে প্রতিদিন খ্রীষ্টের বার্তা ভাগ করে নেওয়ার শক্তি ও সাহস পেতে পারেন, তার জন্য প্রার্থনা করি। (তীত ২:৭)

14. হে ঈশ্বর, প্রার্থনা করি পোল্যান্ডে যেন উন্নত মানের চিকিৎসা সেবা, যার মধ্যে ব্রেন ক্যান্সারের অস্ত্রপ্রচারের ব্যবস্থা আছে, পাওয়া যায়। পোল্যান্ডের অনেক অসুস্থ মানুষেরাই বিদেশের বহুমূল্য চিকিৎসা গ্রহণ করতে পারেন না। (গীতসংহিতা ৪০:৭)

**TWR Korea 북방선교방송**
서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr




15. দাঙ্গা, বিবাহবিচ্ছেদ, নির্যাতন এবং অশ্লীল রচনার হার পর্তুগিজ পরিবারগুলোতে ক্রমশ বেড়ে চলেছে। প্রভু, এই অভাবী পরিবারগুলোতে আপনার পুনরুদ্ধার নিয়ে আসুন। (যিরমিয় ১৭:১৪)

16. প্রভু, রুমেনিয়ার যুবক-যুবতীদের কাছে আপনি নিজেকে প্রকাশ করুন; আপনাকে প্রেম করতে তাদের হৃদয় উন্মুক্ত হোক। তাদের জীবনকে মাদক এবং নেশা থেকে মুক্ত করুন এবং তাদের জীবন পুনরুদ্ধার করুন। (গীতসংহিতা ১৮:১৬)

17. আমাদের উত্তর ককেসাসের দল যে অনুষ্ঠানগুলি প্রযোজনা করছেন যেগুলির প্রতি যে সমস্ত ব্যক্তিরা প্রতিক্রিয়া দিচ্ছেন, তাদের প্রত্যেকের কাছে প্রকাশিত হন, পিতা। যখন আমাদের দলের সদস্যরা তাদের সবাইকে সত্য জ্ঞাত করছেন, সান্ত্বনা দিচ্ছেন আর সাহায্য করছেন, তখন তাঁরা যেন আপনাকে জানতে পারেন। (রোমীয় ১৫:১৩)

18. হে ঈশ্বর, আমাদের সারবেরিয়ার দল যখন প্রভাবশালী বিষয় সৃষ্টির মাধমে মহিলাদের জীবন পরিবর্তন করতে চাইছেন তখন তাদের ষ্টুডিও নির্মাণের কাছে সহায়তা করুন। (ইফিষীয় ৩:২০)

19. প্রভু প্রার্থনা করি যেন স্পেনে বহু কিশোরী ও মহিলাদের ক্রীতদাস এবং যৌন নির্যাতন থেকে রক্ষা করতে, মানব পাচার বিরোধী আইন প্রয়োগ করা হয়। (গীতসংহিতা ১০৩:৬)

20. স্বর্গীয় পিতা, সুইডেনের স্কুলে যে সমস্ত ছোট ছেলে-মেয়েরা তাদের পরিচয় নিয়ে সমস্যায় আছে, তাদের জন্য প্রার্থনা করি; ঈশ্বরের মতো করে তারা যেন দেখতে পায় তার জন্য তাদের চোখ খুলে দিন। (মার্ক ৮:২৫)

21. প্রভু, ইউক্রেনের TWR দল যারা দেশের মানুষদের সেবা এবং আশীর্বাদ করবার জন্য দেশে থেকে গেছেন, তাদের রক্ষা করুন আর শক্তিশালী করুন। যীশুর শান্তির বার্তা যেন সম্প্রচারিত হতে থাকে এবং ইন্টারনেটের মাধ্যমে অনেক মহিলাদের কাছে পৌঁছাতে পারে। (যিশাইয় ৪০:৩১)

22. স্বর্গীয় পিতা, আলবেনিয়ার মণ্ডলীর মধ্যে একতা আনুন, যেন মণ্ডলীর প্রতিটি সভ্য একত্রিত ভাবে খ্রীষ্টের কাজ করতে পারেন। (১ করিন্থীয় ১:১০)

23. হে ঈশ্বর ক্রোয়েশিয়ার কোঅর্ডিনেটর হানা, এবং তার দলকে আশীর্বাদ করুন যখন তারা জাগরেব উদ্ধার-কেন্দ্রে স্বাধীনতা খুঁজে পেতে যৌনকর্মী ও মাদকাসক্তদের সাহায্য করেন। (হিতোপদেশ ১৪:২১)

24. প্রভু, ফেরো দ্বীপে বিবাহকে শক্তিযুক্ত করুন যাতে প্রেম, শ্রদ্ধা, এবং যত্ন তাদের সম্পর্কের বৈশিষ্ঠ্য হয়ে উঠতে পারে। শয়তানের আক্রমণ থেকে তাদের উদ্ধার করুন। (১ পিটার ৪:৮)

25. রোমানি মহিলাদের মাঝে সার্বিয়ান দলের পরিচর্য্যা কাজে উন্নয়ন ও সংস্থানের জন্য প্রার্থনা করি। প্রভু, তারা যেন আপনার চোখে তাদের মূল্য বুঝতে পারেন। (যিরমিয় ২৯:১১)

26. নরওয়ের যে সমস্ত মহিলারা অবাঞ্চিত গর্ভধারণ সর্তেও গর্ভপাত করতে চান না, তাদের সাহায্য ব্যবস্থা সৃষ্টির জন্য আমরা প্রার্থনা করি। (গালাতীয় ৬:২)

27. যীশু খ্রীষ্ট কেবল আপনিই প্রভু। এই সত্যকে পোল্যান্ডের মানুষদের কাছে প্রকাশ করুন যেন তারা কেবল আপনারই উপাসনা করতে পারেন।

28. প্যানডেমিকের সময় থেকে পর্তুগালে মানসিক সুস্থতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাচ্ছে। হে প্রভু, মানুষেরা যেন চিকিৎসার আরো বেশি সুবিধা পান, অসুস্থতা সম্পর্কে আরো সচেতন হতে পারেন, এবং সাহায্য নিতে কম লজ্জা পান। (ফিলিপীয় ৪:৬-৭)

29. রোমেনিয়াতে খ্রীষ্টিয় মায়েদের বিশ্বাস আরও শক্তিশালী করুন প্রভু, আর তাদের পরিবারে ভালোবাসা পেতে তাঁদের প্রার্থনা শ্রবণ করুন। (১ পিতর ৩:১-৬)

30. হে পিতা, স্পেনের যুবতীদের আশ্রয়স্থল হন। তাঁরা যেন গণধর্ষণ থেকে রক্ষা পান, এবং দাঙ্গার হাত থেকে উদ্ধার পেতে পারেন। (২ সামুয়েল ২২:৩-৪)

31. পিতা, আমাদের ইউক্রেনের বোনদের আশীর্বাদ করুন, যারা যুদ্ধের মাঝেও, ইউক্রেন, রাশিয়া এবং মধ্যে এশিয়ার জন্য প্রার্থনা ক্যালেন্ডার রুশ ভাষায় অনুবাদ করে চলেছেন। (যিরমিয় ১৭:৭-৮)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

1. বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের আর বেশিদিন বাকি নাই, প্রতিবার এই সময়টাতে কিছু না কিছু অঘটন ঘটে থা কে, তাই প্রার্থনা করবেন যেন আগামী নির্বাচন যেন কোন রকম দাঙ্গাহাঙ্গামা ছাড়া ভালমতো সম্পন্ন হয় এবং ঈশ্বরের মনোনীত ব্যক্তি নির্বাচিত হতে পারে।

2. বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এ বং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমজে আত্মিক উদ্দী পনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।

3. এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং প রোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হ চ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদে রকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভা বে তাদের ব্যবহার করেন।

**후원안내**
**국민은행 851-01-0003-724 북방선교방송**
**최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.**